দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUL-8 1999
পৃষ্ঠা ৬ কলাম ৫

60

# সফ্‌টওয়্যার প্রযুক্তি সম্প্রসারণের আহ্বান

সম্প্রতি রিসার্চ ইঞ্জিনিয়ার্স ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর টেকনোলজি (আরইআইআইটি)-এর প্রথম সফটওয়্যার প্রশিক্ষণ কোর্স উদ্বোধন করা হয়। উত্তরা মডেল টাউনস্থ ইনস্টিটিউট চত্বরে অনুষ্ঠিত এই উদ্বোধনী অনুষ্ঠানে বক্তাগণ আগামী শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় দেশের বিপুল জনসম্পদকে দক্ষ মানব সম্পদে রূপান্তরিত করার লক্ষ্যে সফটওয়্যার ও ডিজিটাল প্রযুক্তির সম্প্রসারণের উপর বিশেষ গুরুত্ব আরোপ করেন। যুক্তরাষ্ট্র ভিত্তিক সংগঠন রিসার্চ ইঞ্জিনিয়ার্স ইনকরপোরেটেড (আরইআই)-এর সহযোগিতায় আরইআইআইটি এই প্রশিক্ষণ কোর্সের আয়োজন করে। আরইআই'র চেয়ারম্যান অমৃত কুমার দাস এই কোর্স উদ্বোধন করেন। বাংলাদেশ মেডিক্যাল রিসার্চ কাউন্সিলের চেয়ারম্যান ডাঃ মোদাসসের আলী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। সভাপতিত্ব করেন আরইআইআইটি'র চেয়ারম্যান মঞ্জু জামান চৌধুরী।—প্রেস বিজ্ঞপ্তি